
# সেবা সহজিকরণ দৃষ্টান্ত

## কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া





মহিলা বিষয়ক অধিদপ্তর

সহযোগিতায়ঃ মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়



মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেবা সহজিকরণ দৃষ্টান্ত

# কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া

জুন ২০১৭

প্রকাশনায়

মহিলা বিষয়ক অধিদপ্তর

সার্বিক তত্ত্বাবধানে

সাহিন আহ্‌মেদ চৌধুরী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

কৃতজ্ঞতায়

মোঃ জাহাঙ্গীর হোসেন, এনডিসি
পরিচালক

প্রণয়নে : সেবাপদ্ধতি সহজিকরণ-সংশ্লিষ্ট ডকুমেন্ট প্রকাশনা কমিটি

শাহনওয়াজ দিলরুবা খান
অতিরিক্ত পরিচালক (উপ-সচিব)

শরীফা আহমেদ
উপ-পরিচালক (ম্যাজিস্ট্রেট)

মর্জিনা ইয়াসমিন
প্রোগ্রাম অফিসার, ই-সার্ভিস

নাহিদ সুলতানা
প্রোগ্রাম অফিসার, ই-সার্ভিস

লাখসানা লাকী
প্রোগ্রাম অফিসার, ক্ষুদ্রঋণ শাখা

আশা রায়
প্রোগ্রাম অফিসার, হোস্টেল শাখা

সম্পাদনায়

শাহনওয়াজ দিলরুবা খান
অতিরিক্ত পরিচালক (উপ-সচিব)

সহযোগিতায়: মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়



প্রতিমন্ত্রী
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ফোন ঃ ৯৫৪০৫৬৮, ফ্যাক্স ঃ ৯৫১২২৬৮৭
Website : www.mowca.gov.bd

# বাণী

ডিজিটাল বাংলাদেশ গড়ার অগ্রযাত্রায় সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের মধ্যে সেবাপদ্ধতি সহজিকরণ একটি উল্লেখযোগ্য উদ্যোগ । মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ৭টি কর্মজীবী মহিলা হোস্টেলে কর্মজীবী নারীদের জন্য নিরাপদ আবাসন সেবা নিশ্চিত করার লক্ষ্যে সিট বরাদ্দ প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণের উদ্যোগকে স্বাগত জানাই ।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে শুরু হওয়া উন্নয়নের জোয়ার আজ নারীদের এগিয়ে নিয়ে যাচ্ছে বৈষম্যহীন এক নতুন বাংলাদেশে । এরই স্বীকৃতিস্বরূপ তিনি পেয়েছেন- এমডিজি পুরস্কার ২০১০, সাউথ- সাউথ অ্যাওয়ার্ড ২০১১, ইউনেস্কোর পিস ট্রি অ্যাওয়ার্ড ২০১৪ এবং জাতিসংঘের চ্যাম্পিয়ন অব দি আর্থ পুরস্কার ২০১৫, যা বাংলাদেশের নারী উন্নয়ন ভাবনাকে দিয়েছে এক নতুন মাত্রা । বর্তমান সরকারের অগ্রমুখী কৌশল গ্রহণের ফলে নারীরা আজ রাষ্ট্রের প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নেত্রী, স্পিকার, হুইপ, মন্ত্রী, প্রতিমন্ত্রী, বিচারপতি, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ডিসি, এসপি । নারীরা পুলিশ, সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী এবং শান্তি বাহিনীতে অংশগ্রহণসহ ব্যবসা, কৃষি, স্থাপত্য, ক্রিকেট, সাঁতার, ভারোত্তলনসহ প্রতিটি ক্ষেত্রে পুরুষের পাশাপাশি অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করছে ।

মাননীয় প্রধানমন্ত্রী'র বলিষ্ঠ নেতৃত্বে ডিজিটাল যুগে নারী আজ পুরুষের পাশাপাশি এগিয়ে যাচ্ছে । স্বাক্ষর রাখছে তথ্য-প্রযুক্তির সকল ক্ষেত্রে; বিউটিফিকেশন থেকে শুরু করে আউট সোর্সিং এর মাধ্যমে আয় করা এখন আর নারীদের জন্য নতুন কিছু নয় । সেক্ষেত্রে নারী তার স্বকর্মসংস্থানের জন্য নিজের ঘর ছেড়ে ছড়িয়ে পড়ছে দেশের আনাচে-কানাচে । সরকারের গৃহীত বিভিন্ন নিরাপত্তামূলক কার্যক্রম একদিকে যেমন নারীকে দিয়েছে নির্ভরতা তেমনি সরকারের যেকোন সেবাও এখন সহজে নারীর হাতের নাগালে । কর্মজীবী এই সকল নারীদের নিরাপদ আবাসন নিশ্চিত করার জন্য রয়েছে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ৭টি কর্মজীবী মহিলা হোস্টেল । এ সকল হোস্টেলে সিট বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে অনলাইনে আবেদনের প্রক্রিয়া এ বিষয়ে একটি নতুন মাত্রা যোগ করেছে ।

কর্মজীবী নারীদের জন্য প্রণীত এই নাগরিক সেবা সহজিকরণের মাধ্যমে কম সময়ে, কম খরচে এবং কম ভিজিটে একজন নারী সহজে তার কাঙ্খিত হোস্টেলে সিট বরাদ্দ প্রাপ্তির মাধ্যমে কাঙ্খিত সেবা পাবেন বলে আমি আশাবাদী ।

(মেহের আফরোজ চুমকি, এমপি)



মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

# মুখবন্ধ

জনহয়রানি হ্রাসকল্পে সেবা সহজিকরণের বিকল্প নেই। সেবা প্রদান প্রক্রিয়ার অচলায়তন ভেঙ্গে সেবা সহজিকরণের মাধ্যমেই সম্ভব সেবায় গতি সঞ্চার এবং নাগরিক সন্তুষ্টি অর্জন। ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে উন্নীত হতে প্রয়োজন প্রদত্ত সেবাসমূহ বিশ্লেষণ করে এর ধাপসমূহ কমিয়ে অপ্রয়োজনীয় কাগজপত্র পরিহার করা এবং কাম্য সময়ের মধ্যে মানসম্মত সেবা দেওয়া।

জনভোগান্তি লাঘবকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৫ সালে উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা নির্দেশিকা জারি করে। প্রদেয় সেবার বিষয়ে কোনো নাগরিক সংক্ষুব্ধ হলে তা প্রশমনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা নির্দেশিকায় সেবা সহজিকরণ অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সেবা সহজিকরণের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে এবং বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত সেবা সহজিকরণের অগ্রগতি পরিবীক্ষণ করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ১৯ নভেম্বর ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৬৬.০১০.১৫.৬৬ সংখ্যক স্মারকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ইতোমধ্যে ৪০টি দপ্তর প্রদেয় অনেক সেবা সহজ করেছে এবং যার অধিকাংশই বাস্তবায়নাধীন রয়েছে। বর্তমানে ২০টি দপ্তর সেবা সহজিকরণের প্রাক্কালে লব্ধ অভিজ্ঞতা 'সেবা সহজিকরণ দৃষ্টান্ত' হিসেবে প্রকাশ করতে যাচ্ছে যা সরকারি দপ্তরে উত্তম চর্চা হিসেবে ব্যাপকভাবে অনুসৃত হতে পারে। প্রকাশিত সেবা সহজিকরণ দৃষ্টান্তগুলোর ধারাবাহিকতায় সরকারি দপ্তর থেকে প্রদেয় সকল সেবা অচিরেই সহজিকৃত হয়ে জনসেবার নতুন দিগন্ত উন্মোচন করবে বলে প্রত্যাশা করি।

'কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণ দৃষ্টান্ত' প্রণয়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক ও সম্পৃক্ত কর্মকর্তাগণ এবং মন্ত্রিপরিষদ বিভাগকে আন্তরিক সাধুবাদ জানাই। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করায় তাঁকে ধন্যবাদ জানাই। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম কর্তৃক 'সেবা সহজিকরণ দৃষ্টান্ত' প্রকাশে প্রশিক্ষণসহ সার্বিক সহযোগিতা প্রদান আন্তদাপ্তরিক সহযোগিতার একটি উত্তম দৃষ্টান্ত হিসেবে প্রোজ্জ্বল হয়ে থাকবে। আমি আশা করি জনকল্যাণে 'কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণ দৃষ্টান্ত' অনন্য নজির স্থাপন করবে।

(মোহাম্মদ শফিউল আলম)



মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রসঙ্গ-কথা

ক্রমবর্ধমান নাগরিক-চাহিদা ও সেবাপ্রার্থীর সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে এটুআই প্রোগ্রাম ৩৬টি দপ্তর/সংস্থার ৩৬টি সেবা প্রোফাইল বই প্রকাশ করে যা সেবা সম্পর্কিত তথ্যের বিপুল ভাণ্ডার হিসেবে ইতোমধ্যে সেবাগ্রহীতাগণের প্রশংসা কুড়িয়েছে। বিশাল এই তথ্যভাণ্ডার থেকে ইতোমধ্যে বিভিন্ন দপ্তর সেবা সহজিকরণের কার্যক্রম শুরু করেছে যা নাগরিকগণকে কম সময়ে এবং কম খরচে সেবা পৌঁছে দিতে সুদূরপ্রসারী ভূমিকা রাখবে। বর্তমানে বিভিন্ন মন্ত্রণালয়ের ২০টি অধিদপ্তর/সংস্থা উত্তম চর্চার নিদর্শন হিসেবে 'সেবা সহজিকরণ দৃষ্টান্ত' প্রকাশ করছে যাতে সহজিকৃত সেবার পদ্ধতি, ধাপ সম্পর্কে বিশদ বর্ণনা রয়েছে। পরবর্তীতে যে সকল দপ্তর সেবা সহজ করার উদ্যোগে গ্রহণ করবে সে সকল দপ্তরের জন্য সেবা সহজিকরণ দৃষ্টান্তসমূহ উত্তম নিদর্শন হিসেবে অনুসৃত হওয়ার সুযোগ সৃষ্টি করবে।

সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ২৬০ সংখ্যক নির্দেশনায় সেবাপদ্ধতি সহজিকরণের বিষয়টি বিধৃত রয়েছে। সহজিকৃত সেবাসমূহ ডিজিটাল পদ্ধতিতে প্রদান করা হলে তা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এক অনন্য সংযোজন হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, সরকারি দপ্তরে সেবা সহজিকরণ কার্যক্রমের বিশেষ স্বীকৃতি মিলেছে জাতিসংঘের বিশেষায়িত সংস্থা International Telecommunication Union (ITU)-এর ২০১৬ সালের World Summit on the information Society (WSIS) হতে Champions পুরস্কার লাভের মাধ্যমে।

'কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণ দৃষ্টান্ত' প্রণয়নের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই। এ সম্পর্কিত উদ্যোগ গ্রহণ, প্রয়োজনীয় প্রশিক্ষণ, নির্দেশনা ও আর্থিক অনুদান প্রদানের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের কর্মকর্তাগণও ধন্যবাদার্হ। আশা করছি 'কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণ দৃষ্টান্ত' সেবা গ্রহীতাদের দুর্ভোগ লাঘব করে জনকল্যাণে অশেষ ভূমিকা পালন করবে।

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)



সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

# ভূমিকা

এগিয়ে যাচ্ছে বিশ্ব, জ্ঞান-বিজ্ঞান আর প্রযুক্তি মানব সভ্যতাকে নিয়ে যাচ্ছে আধুনিকতার শিখরে । এই উন্নয়নের অগ্রযাত্রায় রয়েছে নারী-পুরুষের যৌথ অবদান । জ্ঞান-বিজ্ঞানের মহাকর্মযজ্ঞে নারী এখন সমান অংশীদার । বিশ্বায়নের এই যুগে প্রতিনিয়ত নারী তার মেধা মনন ও বলিষ্ঠ নেতৃত্বের মাধ্যমে এগিয়ে নিয়ে যাচ্ছে বৈশ্বিক উন্নয়নের ঝান্ডা । এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পেয়েছে একজন বলিষ্ঠ নারী নেতা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে, যার দূরদর্শীতা ও উন্নয়ন ভাবনার বাস্তব প্রকাশ আজকের "ডিজিটাল বাংলাদেশ" । ২০০৮ সাল থেকে শুরু করে ভিশন ২০২১, রূপকল্প ২০৪১ সহ বিভিন্ন লক্ষ্যমাত্রা স্থির করার মধ্যে অত্যন্ত অল্প সময়ের মধ্যে যোগাযোগ ও প্রযুক্তিতে বাংলাদেশ অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে । আর এই প্রতিটি লক্ষ্যমাত্রায় রয়েছে নারীকে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার প্রয়াস ।

নারীরা যেন তথ্য প্রযুক্তি ব্যবহার করে ডিজিটাল বাংলাদেশ গড়ার যোদ্ধা হিসেবে নিজেকে গড়ে তুলতে পারে, এজন্য বর্তমান সরকারের প্রতিটি মন্ত্রণালয় জনবান্ধব প্রশাসন তৈরির লক্ষ্যে তাদের প্রদত্ত সেবাসমূহ সহজিকরণের উদ্যোগ গ্রহণ করেছে । এরই ধারাবাহিকতায় নারীর ক্ষমতায়ন ও নারী অধিকার প্রতিষ্ঠায় নেতৃত্বদানকারী মন্ত্রণালয় হিসেবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত কর্মজীবী নারীদের নিরাপদ আবাসন সেবা নিশ্চিত করার লক্ষ্যে ৭টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণের উদ্যোগ গ্রহণ করেছে ।

সেবা প্রত্যাশী নাগরিকদের দোরগোঁড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ২৫৯-২৬২ সংখ্যক নির্দেশনা, সেবাপদ্ধতি সহজিকরণ ম্যানুয়াল, ২০১৫ এর আলোকে মহিলা বিষয়ক অধিদপ্তরের এসপিএস টিম কর্তৃক নাগরিক সেবা সহজিকরণের উদ্যোগের অংশ হিসেবে কম সময়ে, কম খরচে এবং কম ভিজিটে প্রাথমিকভাবে ঢাকাস্থ ৩টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হয় । পরবর্তীকালে অপর ৪টি কর্মজীবী মহিলা হোস্টেলেও এ প্রক্রিয়া চালু করা হয় । এ কাজের অংশ হিসেবে ৭টি কর্মজীবী মহিলা হোস্টেলের হোস্টেল সুপারের অনুকূলে সিট বরাদ্দ প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে ।

এই সেবা সহজিকরণের ফলে কর্মজীবী নারীরা সহজে, স্বল্প সময়ে ও স্বল্প ব্যয়ে কাঙ্খিত সেবা পাবেন বলে আমি আশাবাদী ।

(নাছিমা বেগম, এনডিসি)



মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা ।

## কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি সেবা সহজিকরণঃ জনকল্যাণে এক অনন্য সংযোজন

উন্নয়ন কর্মকাণ্ডে নারীর পদচারণাকে সুদৃঢ় করতে আমরা সকলেই আজ বদ্ধপরিকর । প্রতিকূল সমাজ ব্যবস্থা, কুসংস্কার আর কূপমন্ডকতাকে জয় করে দেশের এবং বিশ্বায়নের মঞ্চে নারীর জয়যাত্রা অব্যাহত রাখতে বর্তমান সরকারের নানামুখী উদ্যোগ প্রশংসনীয় । বাংলাদেশকে দ্রুত পরিবর্তনশীল বিশ্বের সাথে খাপ খাইয়ে নেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যুগান্তকারী পদক্ষেপ রূপকল্প-২০২১ এর আলোকে বাংলাদেশ ডিজিটালাইজেশন এর পথে এগিয়ে যাচ্ছে । এরই ধারাবাহিকতায় তথ্য প্রযুক্তির ছোঁয়া সরকারি-বেসরকারি সর্বক্ষেত্রে আজ সমানভাবে দৃশ্যমান । এক্ষেত্রে সরকারের সেবাপদ্ধতি সহজিকরণ-Service Process simplification (SPS) একটি উল্লেখ্যযোগ্য পদক্ষেপ । দিনবদলের পালায় কর্মক্ষেত্রে নারীর ব্যাপকহারে অংশগ্রহণকে আরো সুগম ও নিরাপদ করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্পের সহায়তায় মহিলা বিষয়ক অধিদপ্তর নারীদের জন্য প্রদত্ত বহুবিধ সেবার মধ্যে পাইলট হিসেবে ৭টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সেবাটি সহজিকরণ করেছে । আর এই প্রকাশনার মাধ্যমে সেবাটি সম্পর্কে সকলকে অবহিতকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।

সেবা গ্রহণকারী নারীর পাশাপাশি সেবা প্রত্যাশী নারীরাও এই প্রকাশনার মাধ্যমে স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে ও পূর্বের তুলনায় কম ভিজিটে কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ চেয়ে আবেদন করার পদ্ধতি সম্পর্কে অবহিত হয়ে উপকৃত হবেন বলে আমার দৃঢ় বিশ্বাস । এই লক্ষ্যে সেবা সহজিকরণ পুস্তিকাটি প্রকাশ করতে পেরে আমরা আনন্দিত এবং কাজের সাথে জড়িত সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি ।

(সাহিন আহ্‌মেদ চৌধুরী)




মহাপরিচালক (প্রশাসন)
ও
প্রকল্প পরিচালক
এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়


## সেবা সহজিকরণ: উদ্ভাবনের প্রসূতি

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশের সূচনালগ্নে সরকারি কর্মচারীদের সেবামুখী মনোভাব সৃষ্টির জন্য গুরুত্বারোপ করেছিলেন। ব্রিটিশ ঔপনিবেশিক শাসন ও পাকিস্তানি অপশাসন থেকে মুক্ত বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা শুধু অর্থনৈতিকভাবেই সমৃদ্ধ হবে না, এটি হবে এমন একটি রাষ্ট্র যেখানে সরকারি-বেসরকারি পর্যায়ের সেবাপ্রদানকারীগণ স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে জনগণকে সেবা প্রদান করবেন। একই উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবায়নকল্পে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল বাংলাদেশের রূপকল্প-২০২১ ঘোষণা করেছেন। বঙ্গবন্ধু-কন্যার রূপকল্পের সফল বাস্তবায়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে নির্বাহী বিভাগের সকল স্তরের কর্মচারীগণ।

ডিজিটাল সেবা বা ই-সেবা তৈরির পূর্বশর্ত হচ্ছে সেবাপদ্ধতি সহজিকরণ। শুধু ডিজিটাল সেবা তৈরিই যথেষ্ট নয়, সেবার কার্যকর বাস্তবায়নের জন্য প্রথমেই প্রদেয় সেবাকে সহজ করতে হবে। এর ফলে সেবার ধাপ কমে আসবে, সেবা নিতে অপ্রয়োজনীয় কাগজপত্রের সংখ্যা হ্রাস পাবে এবং সেবা প্রদান পদ্ধতির মধ্যে পরিবর্তন ঘটবে। সেবা সহজিকরণের সঙ্গে উদ্ভাবন অঙ্গাঙ্গিভাবে সম্পৃক্ত। এজন্য প্রয়োজন বিদ্যমান সেবাপদ্ধতি নিয়ে পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ এবং প্রস্তাবিত কাঙ্খিত সেবাপদ্ধতির ওপর বিশদ পর্যালোচনা। এ কাজে এটুআই বিভিন্ন অধিদপ্তর ও সংস্থাকে প্রশিক্ষণ প্রদান, গাইডলাইন তৈরিসহ সার্বিক সহযোগিতা প্রদান করছে। ইতোমধ্যে এটুআইয়ের উদ্যোগে ৪০ টির অধিক সংস্থার অর্ধশতাধিক সেবা সহজিকরণ সম্পন্ন হয়েছে। এর মধ্যে হতে ২০ টি সংস্থা তাদের সেবা সহজিকরণ অভিজ্ঞতা 'সেবা সহজিকরণ দৃষ্টান্ত' নামে প্রকাশ করতে যাচ্ছে যা বাংলাদেশের সরকারি সেবা সহজিকরণের ক্ষেত্রে এক অনন্য মাইলফলক হয়ে থাকবে।

সেবা সহজিকরণ দৃষ্টান্ত প্রণয়নের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার প্রধান, তাঁদের এসপিএস টিম এবং এটুআই-এর একনিষ্ঠ কর্মীগণকে অভিনন্দন জানাই। মন্ত্রিপরিষদ বিভাগ সেবাপদ্ধতি সহজিকরণে মূল্যবান দিক-নির্দেশনা প্রদান করছে এবং এর বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করছে। তাঁদের অভিভাবকত্ব ব্যতীত এই কার্যক্রম বাস্তবায়ন দুরূহ হতো। আমি মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিও আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।

(কবির বিন আনোয়ার)

# সূচিপত্র


| বিষয় | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. সেবার প্রাথমিক ধারণা | .................. | ২ |
| ২. বিদ্যমান সেবাপদ্ধতির ম্যাপিং | .................. | ৪-৬ |
| ২.১ মৌলিক তথ্যাবলীর ছক পূরণ | .................. | ৭ |
| ২.২ বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ | .................. | ৭-৮ |
| ৩. বিদ্যমান পদ্ধতির বিশ্লেষণ | .................. | ৯ |
| ৩.১ ধাপভিত্তিক সেবা কার্যক্রম বিশ্লেষণ | ................. | ৯ |
| ৩.২ জনবলের সম্পৃক্ততার ভিত্তিতে সেবার কার্যক্রম বিশ্লেষণ | ................. | ১০ |
| ৩.৩ সেবাগ্রহণ প্রক্রিয়ায় দাখিলীয় এবং অফিস কর্তৃক ব্যবহৃত কাগজাদির/ দলিলাদির বর্ণনা | | |
| ৩.৪ বিদ্যমান পদ্ধতির সমস্যাসমূহের সংক্ষিপ্ত বর্ণনা | .................. | ১১ |
| ৩.৫ ক্যাটাগরি অনুসারে সমস্যাসমূহের বিবরণ | ................. | ১২ |
| ৪. প্রস্তাবিত পদ্ধতির ডিজাইন | ................. | ১২ |
| ৪.১ বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা ও সুফল | .................. | ১৩ |
| ৪.২ সেবাপদ্ধতি সহজিকরণের সুনির্দিষ্ট প্রস্তাবনা | ................. | ১৪ |
| ৪.৩ প্রস্তাবিত প্রসেস ম্যাপ | ................. | ১৫ |
| ৫. তুলনামূলক বিশ্লেষণ | ................. | ১৬ |
| ৫.১ বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা | ................. | ১৬ |
| ৫.২ TCV অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা | ................. | ১৭ |
| ৫.৩ বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির গ্রাফিক্যাল তুলনা | ................. | ১৮ |
| ৫.৪ বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনামূলক পর্যালোচনা | ................. | ১৯ |
| ৫.৫ প্রস্তাবিত পদ্ধতির সুফল | ................. | ১৯ |
| ৫.৬ অন্যান্য প্রস্তাবনা | ................. | ২০ |
| ৬. সেবাপদ্ধতি সহজিকরণ প্রস্তাবনার প্রেক্ষিতে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ | ................. | ২১ |
| কর্মজীবী মহিলা হোস্টেলেসমূহে সিটপ্রাপ্তির আবেদন ফরম | ................. | ২১-২২ |
| রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ ৩টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিটপ্রাপ্তির প্রক্রিয়া সহজিকরণ-সংক্রান্ত নির্দেশনা | ................ | ২৩-২৪ |
| ৭টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিটপ্রাপ্তির প্রক্রিয়া সহজিকরণ-সংক্রান্ত নির্দেশনা | .................... | ২৫ |

## ১. সেবার প্রাথমিক ধারণা

নারীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অধিক হারে সম্পৃক্তকরণের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় কর্মজীবী মহিলা হোস্টেলের মাধ্যমে কর্মজীবী নারীদের নিরাপদ আবাসন সেবা প্রদান করা হচ্ছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ (নীলক্ষেত, মিরপুর, খিলগাও) ০৩টি এবং স্ব-অর্থায়নে ঢাকার বাইরের জেলা শহর চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোরে ০১টি করে মোট ০৭টি কর্মজীবী মহিলা হোস্টেল পরিচালিত হচ্ছে। ০৭টি কর্মজীবী হোস্টেলে মোট সিট সংখ্যা- ১৩৯৯টি।

**কর্মজীবী মহিলা হোস্টেলের তথ্যাদি**

| হোস্টেলের নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর | সিট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত, ঢাকা।<br>ফোনঃ ৫৮৬১৫৮৫২ | ৫১৬<br>(৫০৩+১৩ গেস্ট সিট) | ক) প্রতি মাসে অনুষ্ঠিত 'সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভায় কর্মজীবী মহিলা হোস্টেলের শূন্য/খালি সিট সংখ্যার অনুপাতে কর্মজীবী মহিলাদের আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক সিট বরাদ্দ দেয়া হয়।<br><br>খ) প্রতিটি কর্মজীবী মহিলা হোস্টেলের শূন্য/খালি সিটের সংখ্যা প্রতি মাসের ১৫-৩০ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেলের অফিস হতে অথবা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট www.dwa.gov.bd হতে জানা যাবে। |
| নওয়াব ফয়জুন্নেছা কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-০১, ঢাকা।<br>ফোনঃ ৮০৫১১৭১ | ১৬০<br>(১৫৪ +৬ গেস্ট সিট) | |
| বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাও, ঢাকা।<br>ফোনঃ ৭২৫১৮৯৫ | ২১০<br>(২০০+১০ গেস্ট সিট) | |
| কর্মজীবী মহিলা হোস্টেল, চান্দগাও, চট্টগ্রাম।<br>ফোনঃ ০৩১-৬৭২৪৫৫ | ২১৫ | |
| কর্মজীবী মহিলা হোস্টেল, বয়রা, খুলনা।<br>ফোনঃ ০৪১-৭৬২৮৯০ | ১৫০ | |
| কর্মজীবী মহিলা হোস্টেল, বিলসিমলা, রাজশাহী।<br>ফোনঃ ০৭২১-৬৭০৩৩১ | ১১২ | |
| কর্মজীবী মহিলা হোস্টেল, ভোলা ট্যাংক রোড, যশোর।<br>ফোনঃ ০৪২১-৬১১৮৪ | ৩৬ | |
| | মোট: ১৩৯৯ | |

## কর্মজীবী মহিলা হোস্টেলে সিটপ্রাপ্তি-সংক্রান্ত তথ্যাবলী

### হোস্টেলে সিটপ্রাপ্তির যোগ্যতা

বিভিন্ন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/বিধিবদ্ধ সংস্থা/বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কিন্তু কর্মক্ষেত্রে বসবাসের ব্যবস্থা নেই এমন অবিবাহিত/ডিভোর্সি/সন্তান নেই এমন (বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য) কর্মজীবী মহিলা নিম্নলিখিত শর্তে হোস্টেলে সিটপ্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন:

(ক) বাংলাদেশের নাগরিক হতে হবে।
(খ) শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে।
(গ) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক (বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য)।
(ঘ) কর্মক্ষেত্রে উচ্চতর প্রশিক্ষণরত প্রার্থী, তালাকপ্রাপ্ত, স্বামী থেকে বিচ্ছিন্ন, বিধবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার পাবেন।
(ঙ) মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সিটপ্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে এবং প্রতিবন্ধী কর্মজীবী মহিলাদেরও অগ্রাধিকার দেয়া হবে।
(চ) ১৮ বছরের নীচে এবং ৫৯ বছরের উর্ধ্বে কোন কর্মজীবী মহিলা সিটপ্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন না।
(ছ) একই হোস্টেলের কোন পুরাতন বোর্ডার দ্বিতীয় বারের জন্য আবেদন করতে পারবেন না।
(জ) জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ১৭ তম গ্রেড (টাকা ৯০০০-২১৮০০) অথবা সমমানের গ্রেডের নীচে কর্মরত কোন মহিলা কর্মজীবী মহিলা হোস্টেলের সিটপ্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন না।

### সিটপ্রাপ্তির জন্য প্রাথমিকভাবে প্রয়োজনীয় কাগজপত্র

নিয়োগপত্র, জাতীয় পরিচয়পত্র এবং চালান/পে-ইন স্লিপ এর স্ক্যানড কপি সংশ্লিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেলের ই-মেইল আইডিতে প্রেরণ করতে হবে।

### সিটপ্রাপ্তির জন্য নির্বাচিত প্রার্থীর দাখিলীয় কাগজপত্র

(১) স্থানীয় অভিভাবকের প্রত্যয়নপত্র, নাম, ঠিকানা, ছবি ও পরিচয়পত্রের কপি।
(২) স্থানীয় অভিভাবককে অবশ্যই বিবাহিত হতে হবে।
(৩) চাকরি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।
(৪) হোস্টেলে সাক্ষাৎকারী ২ জন ব্যক্তির নাম, ঠিকানা ও সম্পর্ক এবং ২ কপি ছবি।
(৫) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
(৬) স্বাস্থ্য সম্পর্কীয় সনদপত্র - ১কপি।
(৭) অফিস হাজিরা শিট (প্রযোজ্য ক্ষেত্রে) ও বেতন শিট (সাম্প্রতিক সময়ের)।
(৮) ঢাকাস্থ নীলক্ষেত, মিরপুর ও খিলগাও কর্মজীবী মহিলা হোস্টেলের জন্য ট্রেজারি চালানের মূল কপি এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর কর্মজীবী মহিলা হোস্টেলের জন্য পে-ইন স্লিপ এর মূল কপি।

প্রাথমিকভাবে নির্বাচিত হওয়ার পর একজন আবেদনকারীকে উল্লিখিত কাগজপত্র ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেলে জমা প্রদান করতে হবে। সকল শর্তাদি পূরণসাপেক্ষে আবেদনকারী হোস্টেলে বোর্ডার হিসেবে থাকতে পারবেন।

### সিটপ্রাপ্তির আবেদন ফরম সংগ্রহ

- সংশ্লিষ্ট হোস্টেল থেকে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা) অথবা মহিলা বিষয়ক অধিদপ্তর এর ওয়েবসাইট (www.dwa.gov.bd) হতে সিটপ্রাপ্তির আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

## ২. বিদ্যমান সেবাপদ্ধতির ম্যাপিং

### ২.১ সেবার মৌলিক তথ্যাবলীর ছক পূরণ


সেবাপদ্ধতি সহজিকরণের জন্য প্রাথমিকভাবে ৩টি কর্মজীবী মহিলা হোস্টেল যথা : ১. কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত, ঢাকা ২. নওয়াব ফয়জুন্নেছা কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-১, ঢাকা ৩. বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাও, ঢাকা'কে নির্বাচন করা হয় । বর্তমানে মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন অপর ৪টি কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, ও যশোর) এ সিটপ্রাপ্তির প্রক্রিয়া সহজিকরণ করা হয়েছে । ৭টি কর্মজীবী হোস্টেলে সিটপ্রাপ্তির জন্য আবেদন করা থেকে ১২ দিনের মধ্যে সিট বরাদ্দ প্রদান পর্যন্ত সেবা প্রোফাইল নিম্নরূপঃ


| সেবাপ্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবাপ্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| মহিলা বিষয়ক অধিদপ্তর এবং ৭টি কর্মজীবী মহিলা হোস্টেল<br><br>১. কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত, ঢাকা ।<br>২. নওয়াব ফয়জুন্নেছা কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-১, ঢাকা ।<br>৩. বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাও, ঢাকা ।<br>৪. কর্মজীবী মহিলা হোস্টেল, চান্দগাও, চট্টগ্রাম ।<br>৫. কর্মজীবী মহিলা হোস্টেল, বিলসিমলা, রাজশাহী ।<br>৬. কর্মজীবী মহিলা হোস্টেল, বয়রা, খুলনা ।<br>৭. কর্মজীবী মহিলা হোস্টেল, ভোলা ট্যাংক রোড, যশোর । | ১. অতিরিক্ত পরিচালক/ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)<br>২. হোস্টেল সুপার (সংশ্লিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেল)<br>৩. প্রোগ্রাম অফিসার<br>৪. সহকারী হোস্টেল সুপার (সংশ্লিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেল)<br>৫. অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (সংশ্লিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেল)<br>৬. হিসাবরক্ষক (সংশ্লিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেল) | ৭টি কর্মজীবী মহিলা হোস্টেল -<br><br>১. কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত, ঢাকা ।<br>২. নওয়াব ফয়জুন্নেছা কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-১, ঢাকা ।<br>৩. বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাও, ঢাকা ।<br>৪. কর্মজীবী মহিলা হোস্টেল, চান্দগাও, চট্টগ্রাম ।<br>৫. কর্মজীবী মহিলা হোস্টেল, বিলসিমলা, রাজশাহী ।<br>৬. কর্মজীবী মহিলা হোস্টেল, বয়রা, খুলনা ।<br>৭. কর্মজীবী মহিলা হোস্টেল, ভোলা ট্যাংক রোড, যশোর । | আবেদনের ১২ দিনের মধ্যে সিট বরাদ্দ প্রদান প্রক্রিয়া সম্পন্ন হয় । |

| | |
|---|---|
| সেবাপ্রদানের সংক্ষিপ্ত বিবরণ | সিট খালি হওয়া সাপেক্ষে সংশ্লিষ্ট হোস্টেল/মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট (www.dwa.gov.bd) থেকে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। আবেদনকারী নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেলের অফিসে অথবা হোস্টেলের ই-মেইল আইডি'তে প্রেরণ করবেন। প্রাপ্ত আবেদন ও কাগজপত্রাদি যাচাই-বাছাইপূর্বক আবেদনকারীদের নামের তালিকা প্রস্তুত করা হয়। উক্ত তালিকা হতে লিস্টওয়ারি ফোনের মাধ্যমে আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠান থেকে আবেদনকারীর আবেদনের বিষয়ে সত্যতা যাচাই করা হয়। যাচাইকৃত তালিকা প্রস্তুত করে সভার প্রস্তুতি নেয়া হয়। সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভা সমাপনান্তে সভার কার্যবিবরণী প্রস্তুত ও অনুমোদন করা হয়। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে সিটপ্রাপ্তির বিষয়ে ই-মেইল/টেলিফোন/এসএমএস এর মাধ্যমে অবহিত করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচিত প্রার্থী কর্তৃক অঙ্গীকারনামা স্বাক্ষর ও টাকা জমাদানের মাধ্যমে হোস্টেলে সিট বরাদ্দ প্রক্রিয়া সম্পন্ন করা হয়। |
| সিটপ্রাপ্তির শর্তাবলি | বিভিন্ন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/বিধিবদ্ধ সংস্থা/বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কিন্তু কর্মক্ষেত্রে বসবাসের ব্যবস্থা নেই এমন অবিবাহিত/ডিভোর্সি/সন্তান নেই এমন (বিশেষক্ষেত্রে শিথিলযোগ্য) কর্মজীবী মহিলা নিম্নলিখিত শর্তে হোস্টেলে সিট প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন :<br>(ক) বাংলাদেশের নাগরিক হতে হবে।<br>(খ) শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে।<br>(গ) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক (বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য)।<br>(ঘ) কর্মক্ষেত্রে উচ্চতর প্রশিক্ষণরত প্রার্থী, তালাকপ্রাপ্ত, স্বামী থেকে বিচ্ছিন্ন, বিধবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার পাবেন।<br>(ঙ) মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সিটপ্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে এবং অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে প্রতিবন্ধী কর্মজীবী মহিলাদেরও অগ্রাধিকার দেয়া হবে।<br>(চ) ১৮ বছরের নীচে এবং ৫৯ বছরের উর্ধ্বে কোন কর্মজীবী মহিলা সিটপ্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন না।<br>(ছ) একই হোস্টেলের কোন পুরাতন বোর্ডার দ্বিতীয় বারের জন্য আবেদন করতে পারবেন না।<br>(জ) জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ১৭ তম গ্রেড (টাকা ৯০০০-২১৮০০) অথবা সমমানের গ্রেডের নীচে কর্মরত কোন নারী কর্মজীবী মহিলা হোস্টেলে সিটপ্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন না। |
| প্রয়োজনীয় কাগজপত্র | ক. ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।<br>খ. জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।<br>গ. স্বাস্থ্য সম্পর্কীয় সনদ।<br>ঘ. নিয়োগপত্রের অনুলিপি - ১ কপি (সত্যায়িত)।<br>ঙ. আবেদন ফরম ক্রয়ের রশিদ।<br>চ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি (সত্যায়িত)।<br>ছ. ২ জন সাক্ষাৎপ্রার্থীর ছবি- ২ কপি (সত্যায়িত)।<br>জ. স্থানীয় অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও ১ কপি ছবি (সত্যায়িত) |

| | |
|---|---|
| **প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ** | ঢাকাস্থ কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত, ঢাকা এর আবেদন ফরম এর মূল্য-২০০/- এবং নওয়াব ফয়জুন্নেছা কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-১, ঢাকা ও বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাও, ঢাকা এর আবেদন ফরম এর মূল্য- ১৫০/- । ঢাকার বাইরের কর্মজীবী মহিলা হোস্টেল, চট্টগ্রাম, খুলনা ও যশোর এর আবেদন ফরম এর মূল্য-১০০/- এবং কর্মজীবী মহিলা হোস্টেল, রাজশাহী এর আবেদন ফরম এর মূল্য- ১৫০/- । |
| **সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা** | হোস্টেল পরিচালনা নীতিমালা, ২০১৬ (রাজস্ব খাতভুক্ত কর্মজীবী মহিলা হোস্টেলসমূহের জন্য) এবং হোস্টেল পরিচালনা-সংক্রান্ত নীতিমালা, ২০০৯ (স্ব-অর্থায়নে পরিচালিত কর্মজীবী মহিলা হোস্টেলসমূহের জন্য) । |
| **নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা** | ১. মহাপরিচালক<br>২. অতিরিক্ত পরিচালক |
| **সেবাপ্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ** | **ক) নাগরিক পর্যায় :**<br>১.সঠিক তথ্য না জানা/অজ্ঞতা<br>২. সঠিক সময়ে সঠিক কাগজপত্র অফিসে জমা না দেওয়া<br>৩. সময়মতো অফিসে যোগাযোগ না করা<br>৪. তথ্য গোপন করা ।<br><br>**খ) সরকারি পর্যায় :**<br>১. সেবা প্রদানকারী জনবলের অভাব ।<br>২. তথ্যাদি সঠিকভাবে ডেটাবেইসে সংরক্ষণ না থাকায় অনেক সময় দ্বৈততা পরিহার করা সম্ভব হয় না ।<br>৩. যথাযথ লজিস্টিক সাপোর্ট এর অভাব । |

## ২.২ বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ





সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভা
৮
P: সিট বরাদ্দ ও বাতিল কমিটি এবং প্রোগ্রাম অফিসার
T: ১ দিন
সভার কার্যবিবরণী প্রস্তুত
৯
P: অফিস সহকারী/ সহকারী হোস্টেল সুপার/ হোস্টেল সুপার
T: ১ দিন
সভার কার্যবিবরণী অনুমোদন
১০
P: অতিরিক্ত পরিচালক/ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
T: ১ দিন
চূড়ান্ত নির্বাচিত প্রার্থীর সাথে ফোনে যোগাযোগ
১১
P: সহকারী হোস্টেল সুপার
T: ১ দিন
চূড়ান্ত নির্বাচিত প্রার্থী কর্তৃক অঙ্গীকারনামা স্বাক্ষর ও টাকা জমাদান
১২
P: আবেদনকারী ও হিসাবরক্ষক
T: ১ দিন
হোস্টেলে সিটপ্রাপ্তি
১৩
P: আবেদনকারী
T: ১ দিন
শেষ

## ৩. বিদ্যমান পদ্ধতি বিশ্লেষণ

### ৩.১ ধাপভিত্তিক সেবা কার্যক্রম বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | বর্ণনা |
|---|---|---|
| ১ | আবেদন ফরম বিতরণ | সিট খালি থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট হোস্টেল থেকে আবেদন ফরম বিতরণের ব্যবস্থা গ্রহণ। |
| ২ | আবেদন ফরম সংগ্রহ ও চাহিত কাগজপত্র প্রদর্শন | আবেদনকারী কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও চাহিত কাগজপত্র প্রদর্শন। |
| ৩ | আবেদন ফরমসহ সংশ্লিষ্ট কাগজপত্র জমা প্রদান | আবেদনকারী কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ফরমসহ সংশ্লিষ্ট কাগজপত্র জমা প্রদান। |
| ৪ | প্রাপ্ত আবেদনের তালিকা প্রস্তুত | সহকারী হোস্টেল সুপারের সহযোগিতায় অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর কর্তৃক প্রাপ্ত আবেদনের তালিকা প্রস্তুত করা হয়। |
| ৫ | ফোনের মাধ্যমে (লিস্টওয়ারি) আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠান থেকে আবেদনকারীর সত্যতা যাচাই | সহকারী হোস্টেল সুপার কর্তৃক ফোনের মাধ্যমে (লিস্টওয়ারি) আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠান থেকে আবেদনের সত্যতা যাচাই করা হয়। |
| ৬ | যাচাইকৃত তালিকা প্রস্তুত | হোস্টেল সুপার ও সহকারী হোস্টেল সুপার কর্তৃক যাচাইকৃত তালিকা প্রস্তুত করা হয়। |
| ৭ | সভার প্রস্তুতি | সহকারী হোস্টেল সুপার সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভা আয়োজনের জন্য হোস্টেল সুপারের নিকট নথি উপস্থাপন করেন। |
| ৮ | সিট বরাদ্দ ও বাতিল কমিটির সভা আয়োজন | ঢাকার বাইরের ৪টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও বাতিলের ক্ষেত্রে (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, ও যশোর) সংশ্লিষ্ট জেলার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং ঢাকাস্থ ৩টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও বাতিলের ক্ষেত্রে (নীলক্ষেত, খিলগাঁও ও মিরপুর) অতিরিক্ত পরিচালকের সভাপতিত্বে সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। |
| ৯ | সভার রেজ্যুলেশন প্রস্তুতি | সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভা শেষে সহকারী হোস্টেল সুপার সভার রেজ্যুলেশন প্রস্তুত করেন। |
| ১০ | সভার রেজ্যুলেশন অনুমোদন | ঢাকার বাইরের ৪টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও বাতিলের ক্ষেত্রে (চট্টগ্রাম রাজশাহী, খুলনা, ও যশোর) সংশ্লিষ্ট জেলার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং ঢাকাস্থ ৩টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও বাতিলের ক্ষেত্রে (নীলক্ষেত, খিলগাও ও মিরপুর) অতিরিক্ত পরিচালক সভার রেজ্যুলেশন অনুমোদন করেন। |
| ১১ | চূড়ান্ত নির্বাচিত প্রার্থীর সাথে ফোনে যোগাযোগ | সহকারী হোস্টেল সুপার চূড়ান্ত নির্বাচিত প্রার্থীর সাথে টেলিফোনে যোগাযোগ করেন। |
| ১২ | চূড়ান্ত নির্বাচিত প্রার্থী কর্তৃক অঙ্গীকারনামা স্বাক্ষর ও টাকা জমাদান | হোস্টেল সুপারের তত্ত্বাবধানে চূড়ান্ত নির্বাচিত প্রার্থী অঙ্গীকারনামা স্বাক্ষর করেন এবং জামানতসহ টাকা জমা প্রদান করেন। |
| ১৩ | হোস্টেলে সিটপ্রাপ্তি | হোস্টেল সুপার চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে হোস্টেলে সিট বরাদ্দ দেন। |

## ৩.২ জনবলের সম্পৃক্ততার ভিত্তিতে সেবার কার্যক্রম বিশ্লেষণ

| বিদ্যমান পদ্ধতিতে কারা সম্পৃক্ত (পদবি/পরিচিতি) **(Actor)** | কার্য/দায়িত্ব **(Action)** |
|---|---|
| অতিরিক্ত পরিচালক/<br>জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) | ধাপ ১০: সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভার সভাপতিত্ব করা এবং কার্যবিবরণী অনুমোদন প্রদান। |
| হোস্টেল সুপার | ধাপ ৫: সহকারী হোস্টেল সুপার কর্তৃক লিস্টওয়ারি ফোনের মাধ্যমে আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠান থেকে আবেদনের সত্যতা যাচাইকরণ।<br>ধাপ ৬: সিট গ্রহণে আগ্রহী প্রার্থীদের আবেদনসমূহের তালিকা যাচাইকরণ।<br>ধাপ ৭: সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভায় সদস্য-সচিবের দায়িত্ব পালন। |
| প্রোগ্রাম অফিসার | ধাপ ৮: সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভার যাবতীয় কর্মকান্ডে হোস্টেল ও অধিদপ্তরের মধ্যে সমন্বয় সাধন। |
| সহকারী হোস্টেল সুপার | ধাপ ৪: প্রাপ্ত আবেদনের তালিকা প্রস্তুতকরণ।<br>ধাপ ৫: ফোনের মাধ্যমে (লিস্টওয়ারি) আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠান থেকে আবেদনের সত্যতা যাচাইকরণ।<br>ধাপ ৬: যাচাইকৃত তালিকা প্রস্তুতকরণ।<br>ধাপ ৭: সভা আয়োজনের জন্য হোস্টেল সুপারের নিকট নথি উপস্থাপন।<br>ধাপ ৯: সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভা সমাপনান্তে সভার কার্যবিবরণী প্রস্তুতকরণ।<br>ধাপ ১১: চূড়ান্ত নির্বাচিত প্রার্থীর সাথে টেলিফোনের মাধ্যমে যোগাযোগ। |
| অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ধাপ ৪: সহকারী হোস্টেল সুপারের সহযোগিতায় প্রাপ্ত আবেদনের তালিকা প্রস্তুতকরণ।<br>ধাপ ৯: সিট বরাদ্দ ও বাতিল কমিটি'র সভা অনুষ্ঠানের পর সহকারী হোস্টেল সুপারের সহযোগিতায় সভার কার্যবিবরণী প্রস্তুতকরণ। |
| হিসাবরক্ষক | ধাপ ১২: চূড়ান্ত নির্বাচিত প্রার্থীর জামানত ও সিট ভাড়ার টাকা গ্রহণ। |

## ৩.৩ সেবাগ্রহণ প্রক্রিয়ায় দাখিলীয় এবং অফিস কর্তৃক ব্যবহৃত কাগজাদি/দলিলাদির বর্ণনা

| সেবাগ্রহীতাকে যা দাখিল করতে হয় | সেবা প্রদানের ক্ষেত্রে অফিসে যা ব্যবহৃত হয় |
|---|---|
| ১. নির্ধারিত ফরমে আবেদন ।<br>২. পাসপোর্ট সাইজের ছবি - ১ কপি ।<br>৩. স্বাস্থ্য সম্পর্কীয় সনদ - ১ কপি ।<br>৪. নিয়োগপত্রের অনুলিপি - ১ কপি ।<br>৫. শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ।<br>৬. স্থানীয় অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি - ১ কপি ।<br>৭. জাতীয় পরিচয়পত্রের অনুলিপি - ১ কপি ।<br>৮. দু'জন সাক্ষাৎপ্রার্থীর ছবি - ২ কপি । | ১. আবেদনপত্র প্রদানের রশিদ বহি ।<br>২. আবেদনকারীর নামের তালিকা রেজিস্টার ।<br>৩. অঙ্গীকারনামা । |

## ৩.৪ বিদ্যমান পদ্ধতির সমস্যাসমূহের সংক্ষিপ্ত বিবরণ

(ক) বিদ্যমান পদ্ধতিতে ১ জন কর্মজীবী মহিলাকে কমপক্ষে ৩ বার হোস্টেলে ভিজিট করতে হয়; যা সময়সাপেক্ষ ও ব্যয়বহুল ।

(খ) আবেদনপত্রের সাথে আবেদনকারীর ২ কপি ও সাক্ষাৎপ্রার্থীর ২ কপি করে মোট ৪ কপি ছবি দাখিল করতে হয় ।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি দাখিল করতে হয় ।

(ঘ) প্রাথমিক আবেদনপত্রের সাথে স্বাস্থ্য সম্পর্কীয় সনদপত্র দাখিল করতে হয় ।

(ঙ) প্রাথমিক আবেদনপত্রের সাথে স্থানীয় অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি দাখিল করতে হয় ।

(চ) অফিস হাজিরার শিট ও বেতন শিট এর অনুলিপি দাখিল করতে হয় ।

(ছ) বিদ্যমান আবেদনপত্রে ২১টি বিষয়ের তথ্য প্রদান করতে হয় ।

(জ) দক্ষ জনবল ও প্রয়োজনীয় সরঞ্জামের অভাব ।

(ঝ) ইন্টারনেট সংযোগের অপ্রতুলতা ।

## ৩.৫ ক্যাটাগরি অনুসারের সমস্যাসমূহের বিবরণ

| সমস্যার ক্ষেত্র/ক্যাটাগরি | সমস্যার বর্ণনা |
|---|---|
| ১. আবেদনপত্র, তথ্য/উপাত্ত/ফরম/ফরম্যাট/ প্রত্যয়নপত্র/রিপোর্ট/রেজিস্টার ইত্যাদি | (ক) নির্ধারিত আবেদন ফরমে প্রয়োজনীয় তথ্যের পাশাপাশি বেশ কিছু অপ্রয়োজনীয় তথ্য চাওয়া হয়। যেমন: সিটপ্রাপ্তির জন্য নির্বাচিত হওয়ার পূর্বেই স্থানীয় অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও ছবি দাখিল করতে হয়।<br>(খ) প্রাথমিক আবেদনপত্রের সাথে স্বাস্থ্য সম্পর্কীয় সনদপত্র দাখিল করতে হয়।<br>(গ) আবেদনের সাথে দাখিলীয় কাগজপত্রাদি সত্যায়নের জন্য সময় ব্যয় হয়।<br>(ঘ) আবেদনের সাথে একাধিক ছবি সংযোজন করতে হয়। |
| ২. আবেদন দাখিল-সংক্রান্ত | আবেদনকারীকে দূরবর্তী এলাকা থেকে এসে সংশ্লিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেল কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হয়। তাছাড়া আবেদন দাখিলের পর বাছাই প্রক্রিয়া সমাপনান্তে চূড়ান্তভাবে সিটপ্রাপ্তির পূর্ব পর্যন্ত আবেদনকারীকে বেশ কয়েকবার কর্মজীবী মহিলা হোস্টেল কার্যালয়ে আসতে হয়। |
| ৩. সেবার ধাপ | আবেদনকারীর আবেদন দাখিল থেকে সিট বরাদ্দ পর্যন্ত অনেকগুলো ধাপে (১৩টি ধাপে) সময় নষ্ট হয়। |
| ৪. সরঞ্জাম | কম্পিউটার ও ইন্টারনেট সংযোগের অপ্রতুলতা। |
| ৫. রেকর্ড/তথ্য উপাত্ত সংরক্ষণ | কতজন বোর্ডারকে সেবা দেয়া হচ্ছে তার কোন ডেটাবেইস নেই। |
| ৬. দক্ষ জনবল | দক্ষ জনবলের অভাব। |

## ৪. প্রস্তাবিত পদ্ধতির ডিজাইন

### ৪.১ বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা ও সুফল

| সমস্যার ক্ষেত্র/ক্যাটাগরি | প্রস্তাবিত পদ্ধতির বর্ণনা | সুফল |
|---|---|---|
| ১. আবেদনপত্র, তথ্য-উপাত্ত/ ফরম/ ফরম্যাট/প্রত্যয়নপত্র/রিপোর্ট/ রেজিস্টার ইত্যাদি | ১. ই-মেইল এর মাধ্যমে আবেদন ফরম প্রাপ্তি ও জমা প্রদান।<br>২. আবেদনকারীকে ই-মেইল/এসএমএস এর মাধ্যমে ফরম প্রাপ্তি স্বীকার প্রদান।<br>৩. আবেদন ফরমে ২১টি বিষয়ে তথ্য প্রদানের পরিবর্তে প্রস্তাবিত পদ্ধতিতে ১৪টি বিষয়ে তথ্য প্রদান করতে হবে। | আবেদনকারীগণ সহজে ফরম পূরণ করতে পারবেন। তাদের সময় ও খরচ বাঁচবে এবং ভিজিট কমবে। |
| ২. আবেদন দাখিল সংক্রান্ত | প্রস্তাবিত পদ্ধতিতে আবেদনকারীকে প্রাথমিকভাবে ০৩টি কাগজপত্র দাখিল করার ব্যবস্থা রাখা হয়েছে। | আবেদনকারীর সময় ও খরচ হ্রাস পাবে। দূরবর্তী স্থানে বসবাসরত আবেদনকারীর কষ্ট লাঘব হবে। |
| ৩. সেবার ধাপ | আবেদনের শুরু থেকে সিটপ্রাপ্তি পর্যন্ত মোট ৮টি ধাপ রাখা হয়েছে। | একই দিনে সভা ও রেজ্যুলেশন হওয়ায় ভিজিট, সময় ও খরচ বাঁচবে। |
| ৪. সম্পৃক্ত জনবল | সম্পৃক্ত জনবলকে কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহার-সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। যেখানে জনবলের অপ্রতুলতা রয়েছে সেখানে পদায়নের প্রস্তাব করা হয়েছে। | জনবলের সংখ্যা ও দক্ষতা বৃদ্ধি পাওয়ায় কাজের গতিশীলতা বৃদ্ধি পাবে। |
| ৫. রেডর্ড/তথ্যপত্র সংরক্ষণ | কতজন বোর্ডারকে ইতোমধ্যে সেবা দেয়া হয়েছে ও পরবর্তীতে কতজনকে সেবা দেয়া হবে তার নির্দিষ্ট ডেটাবেইস তৈরি করা হচ্ছে। | কতজন বোর্ডারকে ইতোমধ্যে সেবা দেয়া হয়েছে ও পরবর্তীতে কতজনকে সেবা দেয়া হবে তার নির্দিষ্ট ডেটাবেইস থাকায় সেবা প্রদান সহজ হবে। |

## ৪.২ সেবাপদ্ধতি সহজিকরণের সুনির্দিষ্ট প্রস্তাবনা

১. ই-মেইল এর মাধ্যমে আবেদন ফরম গ্রহণ ও জমাপ্রদান করা যাবে ।

২. আবেদনকারীকে ই-মেইল এর মাধ্যমে ফরম প্রাপ্তিস্বীকার প্রদান করা হবে ।

৩. আবেদন ফরমে ২১টি বিষয়ে তথ্য প্রদানের পরিবর্তে প্রস্তাবিত পদ্ধতিতে ১৪টি বিষয়ে তথ্য প্রদানের ব্যবস্থা রাখা হবে ।

৪. প্রস্তাবিত পদ্ধতিতে আবেদনকারীকে প্রাথমিকভাবে ০৩টি (যথা-নিয়োগপত্র, জাতীয় পরিচয়পত্র এবং ট্রেজারি চালান/পে-ইন স্লিপ এর স্ক্যান কপি) কাগজপত্র দাখিল করতে হবে ।

৫. নির্বাচিত প্রার্থীকে এসএমএস/ই-মেইল এর মাধ্যমে অবহিত করা হবে ।

৬. অনির্বাচিত প্রার্থীকে এসএমএস/ই-মেইল এর মাধ্যমে অবহিত করা হবে এবং আবেদন দাখিলের পর থেকে পরবর্তী ৩ মাস পর্যন্ত তাঁর আবেদনপত্র কার্যকর রাখা হবে ।


৭. নির্বাচিত প্রার্থী শুধুমাত্র ০১ বার হোস্টেলে ভিজিটে করবেন ।

৮. নির্বাচিত না হলে ০১ বারও হোস্টেলে ভিজিট করতে হবে না ।



চিত্র: স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় সভা

## ৪.৩ প্রস্তাবিত প্রসেস ম্যাপ



## ৫. তুলনামূলক বিশ্লেষণ


### ৫.১ বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা


| বিদ্যমান প্রসেস মাপের ধাপ | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত প্রসেস মাপের ধাপ | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | আবেদন ফরম বিতরণ | ১ | ই-মেইলে আবেদন ফরম দাখিল। |
| ২ | আবেদনকারী কর্তৃক আবেদন ফরম সংগ্রহ ও চাহিত কাগজপত্র প্রদর্শন | ২ | ই-মেইলে প্রাপ্ত আবেদনের তালিকা প্রস্তুতকরণ। |
| ৩ | আবেদনকারী কর্তৃক আবেদন ফরম ও সংশ্লিষ্ট কাগজপত্র জমা প্রদান | ৩ | ফোনের মাধ্যমে (লিস্টওয়ারি) আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠান থেকে আবেদনের সত্যতা যাচাই। |
| ৪ | প্রাপ্ত আবেদনের তালিকা প্রস্তুত | ৪ | যাচাইকৃত তালিকা প্রস্তুত। |
| ৫ | ফোনের মাধ্যমে (লিস্টওয়ারি) আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠান থেকে আবেদনের সত্যতা যাচাই | ৫ | সিট বরাদ্দ ও বাতিল কমিটির সভার প্রস্তুতি। |
| ৬ | যাচাইকৃত তালিকা প্রস্তুত | ৬ | সভার কার্যবিবরণী প্রস্তুতকরণ। |
| ৭ | সভার প্রস্তুতি গ্রহণ | ৭ | চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে এসএমএস /ই-মেইল প্রদান। |
| ৮ | সিট বরাদ্দ ও বাতিল কমিটির সভা আয়োজন | ৮ | চূড়ান্ত নির্বাচিত প্রার্থী কর্তৃক অঙ্গীকারনামা স্বাক্ষর, সিট ভাড়া ও জামানতের টাকা জমাদান এবং সিটপ্রাপ্তি। |
| ৯ | সভার কার্যবিবরণী প্রস্তুতকরণ | - | - |
| ১০ | সভার কার্যবিরণী অনুমোদন | - | - |
| ১১ | চূড়ান্ত নির্বাচিত প্রার্থীর সাথে টেলিফোনে যোগাযোগ | - | - |
| ১২ | চূড়ান্ত নির্বাচিত প্রার্থী কর্তৃক অঙ্গীকারনামা স্বাক্ষর, সিট ভাড়া ও জামানতের টাকা জমা প্রদান। | - | - |
| ১৩ | নির্বাচিত প্রার্থীর হোস্টেলে সিটপ্রাপ্তি | - | - |

## ৫.২ TCV (Time, Cost & Visit) অনুসারে কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়ার বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনামূলক বিশ্লেষণ

| ক্ষেত্র | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (Time) | ১২ দিন | ৬ দিন |
| খরচ (Cost) | নাগরিক খরচ- ১,৩৬৫ টাকা | নাগরিক খরচ- ৪০৮ টাকা |
| ভিজিট (Visit) | ৩ বার | ১ বার |
| ধাপ (Step) | ১৩ ধাপ | ৮ ধাপ |
| জনবল (HR) | ৬ জন | ৬ জন |
| দাখিলকৃত কাগজপত্র (ধরণ) | ০৮ | ০৩ |
| সেবাপ্রাপ্তির স্থান (Access Point) | ৭ টি কর্মজীবী মহিলা হোস্টেল | ৭ টি কর্মজীবী মহিলা হোস্টেল |


## ৫.৩ বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির গ্রাফিক্যাল তুলনা









## ৫.৪ বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনামূলক পর্যালোচনা

| ক্ষেত্র | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (Time) | ১২ দিন<br>বিদ্যমান পদ্ধতিতে আবেদন দাখিল থেকে সিটপ্রাপ্তি পর্যন্ত আবেদনকারীকে ৩ বার কর্মজীবী মহিলা হোস্টেল কার্যালয়ে আসতে হয় । | ৬ দিন<br>প্রস্তাবিত পদ্ধতিতে আবেদন দাখিল থেকে সিটপ্রাপ্তি পর্যন্ত আবদেনকারীকে মাত্র ১ বার কর্মজীবী মহিলা হোস্টেল কার্যালয়ে আসতে হবে । |
| খরচ (Cost) | বিদ্যমান পদ্ধতিতে আবেদন ফরম এর মূল্য বাবদ- ২০০/- আবেদনকারীর ছবি বাবদ ২০/-, স্বাস্থ্য সম্পর্কীয় সনদ বাবদ ৫০০/- নিয়োগপত্রের অনুলিপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও স্থানীয় অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি বাবদ-২৫/-, দু'জন সাক্ষাৎপ্রার্থীর ২ কপি ছবি বাবদ-২০/- এবং যাতায়াত খরচ (হোস্টেলে ৩ দিন আসা-যাওয়া ৩x২ = ৬ বার) বাবদ আনুমানিক মোট ৬০০/- সর্বমোট ১,৩৬৫ টাকা খরচ হয় । | প্রস্তাবিত পদ্ধতিতে ট্রেজারি চালান বাবদ-২০০/- নিয়োগপত্রের অনুলিপি বাবদ-৬/- জাতীয় পরিচয়পত্রে অনুলিপি-২/- এবং যাতায়াত খরচ-(হোস্টেল ১ দিন আসা-যাওয়া ১x২= ২বার) বাবদ মোট ২০০/- সর্বমোট আনুমানিক ৪০৮ টাকা খরচ হবে । |
| ভিজিট (Visit) | বিদ্যমান পদ্ধতিতে একজন আবেদনকারীকে অন্তত ৩ বার কর্মজীবী মহিলা হোস্টেলে যেতে হয় । | প্রস্তাবিত পদ্ধতিতে একজন আবেদনকারীকে মাত্র ১ বার কর্মজীবী মহিলা হোস্টেলে যেতে হবে । |
| ধাপ (Step) | বিদ্যমান পদ্ধতিতে ১৩টি ধাপে কার্যাদি সম্পন্ন হয় । | প্রস্তাবিত পদ্ধতিতে সরাসরি আবেদনপত্র গ্রহণের পরিববর্তে ই-মেইলে আবেদন ফরম দাখিল করার ব্যবস্থা রাখায় ৮টি ধাপে কার্যক্রম সম্পন্ন হবে । |
| জনবল (HR) | ৬ জন । | ৬ জন । |
| দাখিলকৃত কাগজপত্র (ধরণ) | বিদ্যমান পদ্ধতিতে একজন আবেদনকারীকে প্রাথমিকভাবে ০৮টি কাগজপত্র দাখিল করতে হয় । | প্রস্তাবিত পদ্ধতিতে একজন আবেদনকারীকে প্রাথমিকভাবে ০৩টি কাগজপত্র দাখিল করতে হবে । |
| সেবাপ্রাপ্তির স্থান (Access Point) | বিদ্যমান পদ্ধতিতে আবেদনকারীকে সশরীরে কর্মজীবী মহিলা হোস্টেলে এসে আবেদন করতে হয় । | প্রস্তাবিত পদ্ধতিতে অনলাইনে আবেদন ফরম প্রাপ্তি, ই-মেইলের মাধ্যমে জমা প্রদান এবং আবেদনকারীকে ই-মেইলে মাধ্যমে ফরম প্রাপ্তি স্বীকার প্রদানসহ এসএমএস এর মাধ্যমে সিট প্রাপ্তির বিষয়ে অবহিত করার ব্যবস্থা রাখার প্রস্তাব করা হয়েছে বিধায় সেবা প্রাপ্তি সহজ হবে । |

## ৫.৫ প্রস্তাবিত পদ্ধতির সুফল

প্রস্তাবিত পদ্ধতি বাস্তবায়িত হলে তা একাধিক সুফল বয়ে আনতে পারে । বিদ্যমান পদ্ধতিতে শুধুমাত্র সংশ্লিষ্ট হোস্টেলের অফিস হতে নির্ধারিত আবেদনপত্র গ্রহণ এবং দাখিলের ব্যবস্থা রাখা ছিল । অপরপক্ষে প্রস্তাবিত পদ্ধতিতে হোস্টেলের অফিস ছাড়াও অনলাইনে আবেদনপত্র গ্রহণ ও দাখিল এবং ই-মেইলের মাধ্যমে মনোনয়ন ফলাফল প্রাপ্তির সুযোগ রাখার প্রস্তাব করা হয়েছে । এটি করা গেলে দূরবর্তী স্থানে বসবাসরত আবেদনকারীগণ হোস্টেল কার্য়ালয়ে না এসে নির্ধারিত আবেদনপত্র গ্রহণ এবং দাখিল করতে পারবেন । এতে তাদের সময় এবং খরচ হ্রাস পাবে, বেশি সংখ্যক কর্মজীবী মহিলা আবেদনপত্র গ্রহণে আগ্রহী হবেন । অপরপক্ষে, একাধিক স্থান থেকে সেবা প্রদানের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা প্রদানের সরকারি অঙ্গীকার বাস্তবায়ন হবে ।

## ৬ অন্যান্য প্রস্তাবনা

৭টি কর্মজীবী মহিলা হোস্টেলে প্রয়োজন অনুযায়ী কম্পিউটার দেয়া হয়েছে। সহজিকরণের প্রস্তাব বাস্তবায়নের জন্য মোট ৭টি হোস্টেলের জনবলকে কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। ৭টি কর্মজীবী মহিলা হোস্টেলে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোরসহ ৪টি হোস্টেলে মডেম প্রদান ও ইন্টারনেট সংযোগের জন্য বাজেট বরাদ্দ দেয়া যেতে পারে। যে সকল হোস্টেলে জনবলের স্বল্পতা রয়েছে সে সকল হোস্টেলে জনবল পদায়ন করা যেতে পারে।







চিত্র : স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
কর্মজীবী মহিলা হোস্টেল .................... ।

ছবি সংযুক্ত করুন

বরাবর
হোস্টেল সুপার
কর্মজীবী মহিলা হোস্টেল, ...................... ।
বিষয়: কর্মজীবী মহিলা হোস্টেল, ....................... সিটপ্রাপ্তির জন্য আবেদন ।

১ । আবেদনকারীর নাম :
২ । পিতার নাম :
৩ । মাতার নাম :
৪ । বর্তমান ঠিকানা : ................................................................
..................................................................
৫ । আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র, মোবাইল নম্বর ও ই-মেইল আইডিঃ ...............................................
.........................................................
.........................................................
৬ । স্থায়ী ঠিকানা গ্রাম: .......................... পো : ............................
উপজেলা: .......................জেলা: .........................
৭ । জন্ম তারিখ :
৮ । শিক্ষাগত যোগ্যতা :
৯ । ধর্ম :
১০ । বৈবাহিক অবস্থা-অবিবাহিত/বিধবা/তালকপ্রাপ্ত:
১১ । কর্মস্থলের নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর :..................................................................
..................................................................
ক) পদবি :
খ) বর্তমান বেতন স্কেল ও মোট বেতন :
১২ । চাকরি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ঠিকানা ও ওয়েবসাইট :
১৩ । পূর্বে মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন কোন হোস্টেলে অবস্থান করেছেন কিনা? করলে কতদিন?
১৪ । ট্রেজারি চালান/পে-ইন স্লিপ নম্বর ও তারিখ:

(কোড নম্বরঃ ১-৩০২১-০০০০-২৬৮১ এ বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংক লিঃ এ কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত, ঢাকা'র জন্য ২০০/-, কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাও ও কর্মজীবী মহিলা হোস্টেল মিরপুর-১, ঢাকা'র জন্য ১৫০/- জমা প্রদান এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর কর্মজীবী মহিলা হোস্টেলের জন্য পে-ইন স্লিপ এর মাধ্যমে টাকা জমা প্রদান করতে হবে ।)

(আবেদনকারীর স্বাক্ষর)

## কর্মজীবী মহিলা হোস্টেল সমূহের ই-মেইল আইডি:

১. কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত, ঢাকা এর ই-মেইল আইডি: hostelnilkhet@gmail.com
২. কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-১, ঢাকা এর ই-মেইল আইডি: mkmhostel@gmail.com
৩. কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাও, ঢাকা এর ই-মেইল আইডি: brkm.hostel@yahoo.com
৪. কর্মজীবী মহিলা হোস্টেল, চট্টগ্রাম এর ই-মেইল আইডি: dwactghostel@gmail.com
৫. কর্মজীবী মহিলা হোস্টেল, রাজশাহী এর ই-মেইল আইডি: kmh.dwa.rajshahi@gmail.com
৬. কর্মজীবী মহিলা হোস্টেল, খুলনা এর ই-মেইল আইডি: kmh.khulna@gmail.com
৭. কর্মজীবী মহিলা হোস্টেল, যশোর এর ই-মেইল আইডি: kmhjessore1987@gmail.com

## বিশেষ দ্রষ্টব্য:

ক) নিয়োগপত্র, জাতীয় পরিচয়পত্র এবং ট্রেজারি চালানের স্ক্যান কপি ঢাকাস্থ নীলক্ষেত, মিরপুর ও খিলগাও কর্মজীবী মহিলা হোস্টেলের জন্য এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর এ অবস্থিত কর্মজীবী মহিলা হোস্টেলের জন্য পে-ইন স্লিপ এর স্ক্যান কপি নির্দিষ্ট হোস্টেলের ই-মেইল আইডিতে প্রেরণ করতে হবে।

খ) হোস্টেল পরিচালনা নীতিমালা, ২০১৬ অনুযায়ী জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৭তম গ্রেড/সমমানের গ্রেডের নীচের গ্রেডে কর্মরত কর্মজীবী নারী মহিলাদের আবেদন গ্রহণযোগ্য হবে না।

## দাখিলীয় কাগজপত্র:

প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের এসএমএস প্রাপ্তির অব্যবহিত পরে (৭ দিনের মধ্যে) নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবে। দাখিলে ব্যর্থ হলে প্রাথমিক নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

# স্থানীয় অভিভাবকের প্রত্যয়নপত্র, নাম, ঠিকানা, ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি।

# স্থানীয় অভিভাবককে অবশ্যই বিবাহিত এবং ঢাকায় অবস্থান করতে হবে।

# চাকরি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।

# হোস্টেলে সাক্ষাৎকারী ২ (দুই) জন ব্যক্তির নাম, ঠিকানা ও সম্পর্ক এবং ০২ কপি ছবি।

# সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।

# স্বাস্থ্য সম্পর্কীয় সনদপত্র- ১ কপি।

# অফিস হাজিরার শিট (প্রযোজ্য ক্ষেত্রে) ও বেতন শিট (সাম্প্রতিক সময়ের)

# ট্রেজারি চালানের মূল কপি/পে-ইন স্লিপ এর মূল কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
হোস্টেল শাখা
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০১১.১৮.০১১.১৪ (অংশ ১)-১৫ তারিখ ঃ ২৮/০৩/২০১৬

**বিষয় :** মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ ০৩টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিটপ্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণ।

সূত্র ঃ ১. প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নং- ৩২.০০.০০০০.০২৯.১৫.৩৪.১৫-১৪৪; তারিখ : ১৯/০১/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রদ্বয়ের বরাতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক প্রণীত সেবাপদ্ধতি সহজিকরণের গাইড লাইনের আলোকে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত কর্মজীবী মহিলা হোস্টেল কার্যক্রমের সিট বরাদ্দ ও প্রাপ্তির সহজিকরণের নিমিত্ত রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ ০৩ টি কর্মজীবী মহিলা হোস্টেলে আবেদন ফরম সহজিকরণ এবং মবিঅ এর ওয়েবসাইট হতে আবেদন ফরম সংগ্রহপূর্বক ই-মেইলের মাধ্যমে আবেদন ফরমসহ সংশ্লিষ্ট কাগজপত্র (সফ্‌ট কপি) দাখিল, মোবাইল ম্যাসেজের মাধ্যমে সিটপ্রাপ্তি বিষয়ে আবেদনকারীকে অবহিতকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

এরই ধারাবাহিকতায় গত ০৬/০৩/২০১৬ তারিখ ঢাকাস্থ ০৩টি কর্মজীবী মহিলা হোস্টেলের হোস্টেল সুপার ও বোর্ডারদের প্রতিনিধিদের উপস্থিতিতে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে গত ০৯/০৩/২০১৬ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক কর্মজীবী মহিলা হোস্টেল সিট বরাদ্দ প্রাপ্তির প্রক্রিয়া সহজিকরণ বিষয়ে ০১টি Power Point Presentation উপস্থাপন করা হয়। উক্ত উপস্থাপনায় বিদ্যমান ও প্রস্তাবিত সেবাপদ্ধতির তুলনামূলক বিশ্লেষণে সময়, খরচ, ভিজিট (TCV) কমানোর প্রস্তাবসহ আগামী এপ্রিল/২০১৬ এর মধ্যে তা বাস্তবায়নের প্রতিশ্রুতি দেয়া হয়।

এমতাবস্থায় জরুরি ভিত্তিতে ঢাকাস্থ ০৩টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে প্রস্তাবিত প্রসেস ম্যাপ অনুযায়ী প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ৩১/০৩/২০১৬ তারিখ থেকে সহজিকরণ প্রক্রিয়া কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্ত ঃ ১. Power Point Presentaion- ১ কপি।
২. বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ- ১ কপি।
৩. প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ- ১ কপি।
৪. বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির কাগজপত্রের তালিকা- ২ কপি।

(সাহিন আহ্‌মেদ চৌধুরী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৮৩১৯১৪৯

কার্যার্থে :

১। হোস্টেল সুপার, নীলক্ষেত কর্মজীবী মহিলা হোস্টেল, ঢাকা।
২। হোস্টেল সুপার, বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাঁও, ঢাকা।
৩। হোস্টেল সুপার, নওয়াব ফয়জুন্নেছা কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-১ ঢাকা।
৪। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
হোস্টেল শাখা
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা ।
www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০১১.১৬.০০৬.১৫(অংশ-৩)-২৩ তারিখ: ১৫/০৫/২০১৬

**বিষয় :** মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় পরিচালিত রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ ০৩টি কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণ ।

সূত্র: মবিঅ এর স্মারক নং - ৩২.০১.০০০০.০১১.১৮.০১১.(অংশ-১)-১৫ তারিখ: ২৮/০৩/২০১৬

উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (a2i) প্রোগ্রামের সহযোগিতার আলোকে মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ ০৩টি কর্মজীবী মহিলা হোস্টেল কার্যক্রমের সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে সূত্রোস্থ পত্রে গত ৩১/০৩/২০১৬ এর মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত) ।

এমতাবস্থায়, প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে ই-মেইলে সিটপ্রাপ্তি সংক্রান্ত আবেদনের সংখ্যা ও মোবাইল ম্যাসেজের মাধ্যমে আবেদনকারীকে সিটপ্রাপ্তির ফিডব্যাক প্রদানের পূর্ণাঙ্গ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো ।

১৫/০৫/১৬

(শাহনওয়াজ দিলরুবা খান)
অতিরিক্ত পরিচালক (উপ-সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা ।
ফোন: ৯৩৩২৩৭৪

কার্যার্থে:

১ । হোস্টেল সুপার, নীলক্ষেত কর্মজীবী মহিলা হোস্টেল, ঢাকা ।
২ । হোস্টেল সুপার, নওয়াব ফয়জুন্নেছা কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-১, ঢাকা ।
৩ । হোস্টেল সুপার, বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাও, ঢাকা ।
৪ । অফিস নথি ।

অনুলিপি-জ্ঞাতার্থে :

১ । ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২ । অফিস নথি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
হোস্টেল শাখা
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

স্মারক নং- ৩২.০১.০০০০.০১১.১৬.০০৬.১৬.৮২ তারিখ ঃ ২৬/১২/২০১৬

**বিষয় :** মহিলা বিষয়ক অধিদপ্তর এর আওতায় পরিচালিত কর্মজীবী মহিলা হোস্টেলসমূহে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণ।

সূত্র: ১। স্মারক নং- ৩২.০১.০০০০.০১১.১৮.০১১.১৪ (অংশ-১)-১৫, তারিখ : ২৮/০৩/২০১৬।
২। স্মারক নং- ৩২.০১.০০০০.০১১.১৬.০০৬.১৫ (অংশ-৩)-২৩, তারিখ : ১৫/০৫/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (a2i) প্রোগ্রামের সহযোগিতায় প্রথম পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ ০৩টি কর্মজীবী মহিলা হোস্টেলের সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণ করা হয়। এরই ধারাবাহিকতায় ঢাকার বাইরের জেলা শহর চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোরে অবস্থিত কর্মজীবী মহিলা হোস্টেলসমূহের সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণ করা প্রয়োজন।

এমতাবস্থায় চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোরে অবস্থিত কর্মজীবী মহিলা হোস্টেলের সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণের প্রস্তাবিত প্রসেস ম্যাপ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ০১/০১/২০১৭ তারিখ হতে সহজিকরণ প্রক্রিয়া কার্যকর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত :** ১. বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ-১ কপি।
২. কর্মজীবী মহিলা হোস্টেলে সিটপ্রাপ্তির সহজিকৃত আবেদন ফরম-১ কপি।

২৬/১২/২০১৬
(শাহনওয়াজ দিলরুবা খান)
অতিরিক্ত পরিচালক (উপ-সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৯৩৩২৩৭৪

**বিতরণ-কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। হোস্টেল সুপার, কর্মজীবী মহিলা হোস্টেল, চট্টগ্রাম।
২। হোস্টেল সুপার, কর্মজীবী মহিলা হোস্টেল, রাজশাহী।
৩। হোস্টেল সুপার, কর্মজীবী মহিলা হোস্টেল, খুলনা।
৪। হোস্টেল সুপার, কর্মজীবী মহিলা হোস্টেল, যশোর।

**অনুলিপি-জ্ঞাতার্থে :**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। খালিদ মেহেদী হাসান, কনসালট্যান্ট, একসেস টু ইনফরমেশন (a2i) প্রোগ্রাম।
৩। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস নথি।

# শেখ হাসিনার বারতা
# নারী-পুরুষ সমতা




মহিলা বিষয়ক অধিদপ্তর

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

ফোন: ০২-৮৩১৯১৪৯

**www.dwa.gov.bd**